

জরিপ 29 JUL 1986
পৃষ্ঠা 1 কলাম 2



001

শিক্ষামন্ত্রণালয়ের জরিপ কর্মসূচী শুরু

শিক্ষা মন্ত্রণালয়ের নমুনা জরিপ কর্মসূচীর অধীনে ৩শ' শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কার্যালয় জরিপ করা হবে। এসব শিক্ষা প্রতিষ্ঠান ও কার্যালয়ের ব্যবস্থাপনার অবস্থা চিহ্নিত করাই এ জরিপ কর্মসূচীর লক্ষ্য।

ইতিমধ্যেই জরিপ কর্মসূচীর অন্তর্ভুক্ত ৯০টি প্রাথমিক বিদ্যালয়, ২০টি সরকারী মাধ্যমিক স্কুল, ৪০টি বেসরকারী মাধ্যমিক স্কুল, ১০টি সরকারী ও ২০টি বেসরকারী কলেজ, ১২টি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫টি জেলা শিক্ষা অফিস এবং ১৫টি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জরিপ কাজ শুরু হয়েছে। এবতেদায়ী মাদ্রাসার শিক্ষক ও মসজিদ ভিত্তিক মন্ত্রণও এ জরিপ কর্মসূচীর অন্তর্ভুক্ত। খবর বাসস'র।

519257